০ ৯ APR 1987
তারিখ ... 9 APR 1987 ...
পৃষ্ঠা ... ... ৫ কলাম ... ১ ...

দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

245

# উপজেলা পরিক্রমা

## মোংলা

৭।৫।৪৭ 9 APR 1987

কুমলাই (রামপাল), ৮ এপ্রিল (সংবাদদাতা)।— বাগেরহাট জেলার সর্ব দক্ষিণ-পশ্চিমকোণে রয়েলবেঙ্গল টাইগার ও সুন্দরবন এলাকা নিয়ে বঙ্গোপসাগরের বাহুডোরে পশুর ও মোংলা নদীর মোহনায় যে উপজেলাটি অবস্থিত, তা-ই মোংলা উপজেলা। মোংলা উপজেলা বাংলাদেশের ২য় বৃহত্তম সামুদ্রিক বন্দর। মোংলা উপজেলার সীমানা—উত্তরে রামপাল উপজেলা, দক্ষিণে বঙ্গোপসাগর ও বিশাল বনভূমি, পূর্বে মোড়েলগঞ্জ ও শরনখোলা উপজেলা এবং পশ্চিমে চালনা উপজেলা।

মোংলা উপজেলার আয়তন ৮২ বর্গমাইল। ইউনিয়নের সংখ্যা ৭টি। ৯৮টি গ্রাম ও ১টি পৌরসভা আছে। লোকসংখ্যা ৯৯ হাজার ৭শ'৮৭ জন। তন্মধ্যে পুরুষ ৫২ হাজার ৭শ'৭৩ এবং মহিলা ৪৭হাজার ১৪ জন। ২য় সামুদ্রিক বন্দর থাকা সত্ত্বেও জাতীয় অর্থনৈতিক উন্নয়নে যথেষ্ট গুরুত্ব বহন করলেও উন্নয়নের ক্ষেত্রে এটি পিছিয়ে আছে।

### যোগাযোগ

২য় বৃহত্তম বাণিজ্যিক কেন্দ্র হওয়া সত্ত্বেও যোগাযোগ ব্যবস্থা নাজুক। এখানে রেল ও বিমান যোগাযোগের কোন ব্যবস্থা নেই। ১টি মাত্র মহাসড়ক আছে। উপজেলায় মোট ২শ' মাইল রাস্তা আছে। ৯ মাইল পাকা ১শ'৬৫ মাইল কাঁচা-পাকা ও ৫৬ মাইল কাঁচা রাস্তা আছে। ২টি লঞ্চ ঘাট, ১টি স্টীমার ঘাট, ১টি বাস স্ট্যাণ্ড ও ১টি নৌ-ঘাটি আছে। দেশ-বিদেশের সাথে নদী পথের যোগাযোগ ভাল।

### শিক্ষা

এ উপজেলায় শিক্ষিতের হার শতকরা ২৭.৬৫ জন। ১টি মাত্র মহাবিদ্যালয়, ১৮টি উচ্চ বিদ্যালয়, ৪টি জুনিয়র বিদ্যালয়, ৩৩টি সরকারী প্রাথমিক ও ৩২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৬৩টি মাদ্রাসা আছে। অধিকাংশ বিদ্যালয় জরাজীর্ণ এবং ছাউনিবিহীন ও বিদ্যালয় গৃহও নেই। দীর্ঘ দিন ধরে এগুলো মেরামত করা হচ্ছে না।

### চিকিৎসা

১টি সরকারী হাসপাতাল আছে। কিন্তু প্রয়োজনীয় ওষুধ সমস্যা আছে। এক্সরে, এ্যাম্বুলেন্সসহ বিশুদ্ধ পানির সমস্যা রয়েছে। ১টি বেসরকারী (মিশনারী) হাসপাতাল আছে। বিশুদ্ধ পানির অভাবে ডাইরিয়াসহ চর্মরোগ ও পেটের পীড়া লেগেই থাকে।

### কৃষি

মোংলা উপজেলার অধিকাংশ লোক কৃষিজীবী। এখানে ৩৭ হাজার ৮শ' একর আবাদী জমি আছে। ৩৬ হাজার ২শ' ৪০ একর এক ফসলী, ৫শ' একর দু'ফসলী ৬০.০০ একর তিন ফসলী জমি, ২শ' একর আবাদযোগ্য পতিত জমি আছে। এখানে মাথা পিছু .৫৩ একর জমি আছে।